# 2 0 1 8

## BENGALI

## ( Elective )

Paper : 5.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ও, উ, আ— এর মধ্যে বিবৃত স্বরধ্বনি কোনটি?

(খ) ড়, ট, ঙ— এর মধ্যে তাড়িত ব্যঞ্জন কোনটি?

(গ) প্রগত সমীভবনের একটি উদাহরণ দাও।

(ঘ) কাঁচি > কাঁইচি , দিশ্ > দিশা , বলিয়া > বইলা > বলে — এর মধ্যে অভিশ্রুতির উদাহরণ কোনটি?

(ঙ) ডাল-ভাত *অথবা* সন্দেশ—এর মধ্যে শব্দের অর্থবিস্তারের উদাহরণ কোনটি?

(চ) "পাইয়া চরণতরী তরি ভবে আশা।"

কোন্ অলংকারের উদাহরণ?

(ছ) স্বতোমূর্ধন্যীভবনের একটি উদাহরণ দাও।

(জ) তানপ্রধান ছন্দ অনুযায়ী 'সিদ্ধান্ত' শব্দের মাত্রাসংখ্যা কত?

(ঝ) "ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়।"

এখানে কোন্ অলংকার হয়েছে?

(ঞ) "ভোর হল দোর খোলো খুকুমণি ওঠো রে।"

চরণটি কোন্ ছন্দে রচিত?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো : আদি স্বরাগম।

(খ) হলন্ত অক্ষর বলতে কি বোঝ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

(গ) উদাহরণসহ 'অতিশয়োক্তি' অলংকারের সংজ্ঞা নির্দেশ করো।

(ঘ) স্বরসঙ্গতির দুটি উদাহরণ দাও।

(ঙ) চলিত রূপ নির্দেশ করো : বেড়াইয়া, গাহিতে গাহিতে।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে সমরূপ শব্দ ও সমধ্বনি শব্দের মধ্যে পার্থক্য দেখাও।

(খ) অর্থসংকোচ বলতে কি বোঝ? উদাহরণসহ নির্দেশ করো।





(গ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর।
যা কিছু হারায় গিন্নি বলেন কেষ্টা বেটাই চোর।"

(ঘ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে
দৈবে হতেম দশম রত্ন নবরত্নের মালে।"

(ঙ) অলংকার নির্দেশ করো এবং তোমার সিদ্ধান্তের কারণ দর্শাও :

"তারাই আজি নিঃস্ব দেশে কাঁদছে হয়ে অন্নহারা;
দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা।"

(চ) অলংকার নির্দেশ করো এবং তোমার সিদ্ধান্তের কারণ দর্শাও :

"বসি কবিগণ
সোনার উপমাসূত্রে বুনিছে বসন।"

৪। ক—গুচ্ছ, খ—গুচ্ছ এবং গ—গুচ্ছ; প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

### ক—গুচ্ছ

(ক) আদি-মধ্য বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লিপিবদ্ধ করো।

(খ) বাংলা ভাষার শব্দভাণ্ডারের বিদেশী উপাদানগুলো উদাহরণসহ আলোচনা করো।

(গ) শব্দার্থ পরিবর্তনের ত্রিধারা বলতে কি বোঝ? বাংলা ভাষা থেকে উদাহরণ দিয়ে এই ত্রিধারা সম্পর্কে আলোচনা করো।

(ঘ) সমীভবন বলতে কি বোঝ? সমীভবন কত প্রকার? সংজ্ঞাসহ প্রত্যেক প্রকারের উদাহরণ দাও।

খ—গুচ্ছ

(ক) ধ্বনিপ্রধান ছন্দ বলতে কি বোঝ? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলো নির্দেশ করো।

(খ) তানপ্রধান ও শ্বাসাঘাতপ্রধান ছন্দের মধ্যে উদাহরণসহ একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

গ—গুচ্ছ

(ক) "শব্দালংকার শব্দ পরিবর্তন সহিতে পারে না, অর্থালংকার পারে।" শব্দালংকার এবং অর্থালংকারের পক্ষে অন্তত তিনটি করে উদাহরণ দিয়ে বক্তব্যটি প্রতিষ্ঠা করো।

(খ) সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো দুই জোড়া অলংকারের মধ্যে পার্থক্য দেখাও :

(১) উপমা এবং রূপক

(২) সমাসোক্তি এবং অপহ্নুতি

(৩) সন্দেহ এবং ভ্রান্তিমান

★★★